






০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ  
ধুনট, বগুড়া।  
কর নিরূপন ও কর আদায় কমিটির সভার কার্য বিবরণী

স্থান : ইউপি কার্যালয়

সময়ঃ ১০, ০০ ঘণ্টা

তারিখ : ০৯/০১/২০২১

সনঃ ২০২১

| ক্রঃ | নাম              | কমিটিতে পদবী | পদবী        | স্বাক্ষর  |
|------|------------------|--------------|-------------|---|
| ০১   | মোঃ রফিকুল ইসলাম | সভাপতি       | ইউ.পি সদস্য |   |
| ০২   | মোঃ লাল মিয়া    | সদস্য সচিব   | গণ্যমান্য   |  |
| ০৩   | মোঃ খলিল         | সদস্য        | শিক্ষক      |  |
| ০৪   | মোঃ মিন্টু       | সদস্য        | চাকুরী      |  |
| ০৫   | মোছাঃ সোভা খাতুন | সদস্য        | গৃহিনী      |  |

আলোচ্য বিষয়ঃ

- ১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। কর নিরূপন ও কর আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৩। বিবিধ

অধ্যকার সভা সভাপতি জনাব মোঃ রফিকুল ইসলাম সভাপতিতে সভার কাজ আরম্ভ করা হইল।

০১ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ


অধ্যকার সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করিয়া তাতে শুনানি দেওয়া হয় এবং তাতে কোন প্রকার সংযোজন ও বিয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিতে অনুমোদন দেওয়া হয়।

০২ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, অত্র ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধি করতে হবে। তিনি আরও বলেন যে, কর যাতে করে আদায় বৃদ্ধি পায় সেদিক থেকে সকল জনগনের সহযোগিতা কামনাকরেন। এবং সকল জনগনের কাছে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদর্শ কর তফসিল মোতাবেক সকল ইউনিয়ন পরিষদের উচিত কর এসেসমেন্ট করা এবং কর আদায় করা। তিনি আরও বলেন যে, সকল নাগরিকের দায়িত্ব কর প্রদান করা। সঠিক সময়ে এবং সঠিকভাবে কর প্রদান করতে হবে এবং জনগনকে কর প্রদানের ব্যাপারে উদ্বুদ্ধ করতে হবে। কর নিরূপন ও কর আদায় এই সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদান করা সকল সদস্যগনের দায়িত্ব ও কর্তব্য। সরকারী নীতিমালা অনুযায়ী ট্যাক্স, রেট, ফি ইত্যাদি নিরূপণ, ধার্য ও আদায়ের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সকলের দায়িত্বের মধ্যে পড়ে। পরিষদের যাতে ট্যাক্স সরকার প্রদত্ত বিধিবিধান মত ধার্য হয় সেই দিকে সকলের দৃষ্টি রাখতে হবে। পরিষদের রাজস্ব যাতে করে বৃদ্ধি পায় তাতে সকলের সহযোগিতা করতে হবে মর্মে সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন।

৩। বিবিধ

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কাজ সমাপ্ত করেন।



মোঃ রফিকুল ইসলাম  
সভাপতি

কর নিরূপন ও কর আদায়  
ভান্ডারবাড়ী ইউপি ধুনট, বগুড়া।

মোঃ রফিকুল ইসলাম  
সদস্য, ০৫নং ওয়ার্ড  
০৫নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ  
ধুনট, বগুড়া।